

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৪

১/ বিবিধ

আরবী

نعم أو نعمت الأضحية الجذع من الضأن
ضعيف

أخرجه الترمذي (2 / 355) والبيهقي (9 / 271) وأحمد (2 / 444 - 445) من طريق عثمان بن واقد عن كدام بن عبد الرحمن عن أبي كباش قال: جلبت غنما جذعانا إلى المدينة فكسدت علي، فلقيت أبا هريرة فسألته؟ فقال: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: فذكر الحديث، قال: فانتبهه الناس، وقال الترمذي: حديث غريب يعني ضعيف، ولذا قال الحافظ في "الفتح" (10 / 12)

وفي سنده ضعف

وبين علته ابن حزم فقال في "المحلى" (7 / 365): عثمان بن واقد مجهول، وكدام بن عبد الرحمن لا ندري من هو، عن أبي كباش الذي جلب الكباش الجذعة إلى المدينة فبارت عليه، هكذا نص حديثه، وهنا جاء ما جاء أبو كباش، وما أدراك ما أبو كباش، ما شاء الله كان! كأنه يتهم أبا كباش بهذا الحديث، وهو مجهول مثل الراوي عنه كدام، وقد صرح بذلك الحافظ في "التقريب"، وأما عثمان بن واقد فليس بمجهول فقد وثقه ابن معين وغيره

وقال أبو داود: ضعيف، وللحديث علة أخرى وهي الوقف فقال البيهقي عقبه وبلغني عن أبي عيسى الترمذي قال: قال البخاري: رواه غير عثمان بن واقد عن أبي هريرة موقوفا، وله طريق آخر بلفظ: جاء جبريل إلى النبي صلى الله عليه وسلم يوم

الأضحى فقال: كيف رأيت نسكنا هذا؟ قال: لقد باهى به أهل السماء، واعلم يا محمد أن الجذع من الضأن خير من الثنية من الإبل والبقر ولو علم الله ذبحاً أفضل منه لفدى به إبراهيم عليه السلام، وفيه إسحاق بن إبراهيم الحنيني، قال البيهقي: تفرد به وفي حديثه ضعف

قلت: وهو متفق على ضعفه، وقد أورده العقيلي في "الضعفاء" وساق له حديثاً وقال: لا أصل له، ثم ساق له هذا الحديث، ثم قال: يروي عن زياد بن ميمون وكان يكذب عن أنس، ومن أوهى التعقب ما تعقب به ابن التركماني قول البيهقي المتقدم فقال: قلت: ذكر الحاكم في المستدرک هذا الحديث من طريق إسحاق المذكور ثم قال: صحيح الإسناد

قلت: وكل خبير بهذا العلم الشريف يعلم أن الحاكم متساهل في التوثيق والتصحيح ولذلك لا يلتفت إليه، ولا سيما إذا خالف، ولهذا لم يقره الذهبي في "تخليصه" على تصحيحه بل قال (4 / 223): قلت: إسحاق هالك، وهشام ليس بمعتمد، قال ابن عدي: مع ضعفه يكتبه حديثه

وليس يخفى هذا على مثل ابن التركماني لولا الهوى! فإن هذا الحديث يدل على جواز الجذع في الأضحية وهو مذهب الحنفية وابن التركماني منهم ولما كانت الأحاديث الواردة في ذلك ضعيفة لا يحتج بها أراد أن يقوي بعضها بالاعتماد على تصحيح الحاكم! ولو أن تصحيحه كان على خلاف ما يشتهيه مذهبه لبادر إلى رده متذرعاً بما ذكرناه من التساهل! وهذا عيب كبير من مثل هذا العالم النحرير، وعندنا على ما نقول أمثلة أخرى كثيرة لا فائدة كبيرة من ذكرها

বাংলা

৬৪। মেস শাবক (যার বয়স এক বছর পূর্ণ হয়েছে) কতই না উত্তম কুরবানী।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইমাম তিরমিযী (২/৩৫৫), বাইহাকী (৯/২৭১) ও ইমাম আহমাদ (২/৪৪৪,৪৪৫) উসমান ইবনু ওয়াকিদ

সূত্রে কিদাম ইবনু আবদির রহমান হতে আর তিনি আবু কাব্বাশ হতে বর্ণনা করেছেন।

ইমাম তিরমিযী বলেনঃ حديث غريب হাদীসটি গারীব। একথা দ্বারা বুঝিয়েছেন এটি দুর্বল। এ জন্য হাফিয ইবনু হাজার "ফতহুল বারীর" মধ্যে (১০/১২) বলেছেনঃ وفي سنده ضعف 'এটির সনদে দুর্বলতা রয়েছে।

ইবনু হাযম "আল-মুহাল্লা" গ্রন্থে (৭/৩৬৫) বলেনঃ উসমান ইবনু ওয়াকিদ মাজহুল আর কিদাম ইবনু আবদির রহমান জানি না সে কে। আবু কাব্বাশ সম্পর্কে যা বলেছেন তা যেন ইঙ্গিত করছে যে, তিনি এ হাদীসের ব্যাপারে অপবাদ প্রাপ্ত ব্যক্তি। কিন্তু তিনি কিদামের ন্যায় একজন মাজহুল, যেরূপভাবে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে স্পষ্টভাবে বলেছেন।

উসমান ইবনু ওয়াকিদ; অপরিচিত নয়। কারণ তাকে ইবনু মাজিন ও অন্যরা নির্ভরযোগ্য বলেছেন। যদিও আবু দাউদ তাকে দুর্বল বলেছেন। হাদীসটি অন্য সূত্রে বর্ণিত হয়েছে যার সনদে ইসহাক ইবনু ইবরাহীম আল-হুনাযনী রয়েছে। বাইহাকী তার সম্পর্কে বলেনঃ وفي حديثه ضعف "তিনি এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন, তার হাদীসে দুর্বলতা রয়েছে।"

আমি (আলবানী) বলছিঃ ইসহাক আল-হুনাযনী দুর্বল এ বিষয়ে সকলে একমত। উকায়লী তাকে "আয-যুয়াফা" গ্রন্থে উল্লেখ করেছেন, অতঃপর তার একটি হাদীস উল্লেখ করে বলেছেনঃ এটির কোন ভিত্তি নেই।

অতঃপর তার এ হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ روي عن زياد بن ميمون وكان يكذب عن أنس "তিনি যিয়াদ ইবনু মায়মুন হতে আনাস (রাঃ)-এর উদ্ধৃতিতে মিথ্যা বর্ণনা করতেন।"

ইবনুত তুরকুমানী বাইহাকীর উপরোক্ত কথার সমালোচনা করে বলেনঃ হাদীসটি হাকিম "আল-মুসতাদরাক" গ্রন্থে উল্লেখিত ইসহাক সূত্রে উল্লেখ করে বলেছেন যে, এটির সনদ সহীহ।

আমি (আলবানী) বলছিঃ এ শাস্ত্রের প্রত্যেক বিজ্ঞজন জ্ঞাত আছেন যে, সহীহ এবং নির্ভরযোগ্য আখ্যা দেয়ার ক্ষেত্রে হাকিম শিথিলতা প্রদর্শনকারী। এ জন্য তার দিকে কেউ দৃষ্টি দেন না। বিশেষ করে যখন তিনি অন্যদের বিপরীতে বলেছেন। এ কারণেই যাহাবী তার এ সহীহ বলাকে "তালখীস" গ্রন্থে সমর্থন করেননি, বরং বলেছেন (৪/২২৩) ইসহাক ধবংসপ্রাপ্ত আর হিশাম নির্ভরযোগ্য নন। ইবনুত তুরকুমানী সম্ভবত হানাফী হওয়ার কারণে হাদীসটি সহীহ বলার চেষ্টা চালিয়েছেন। এটি এ ধরনের আলেমের ক্ষেত্রে বড় দোষ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5325>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন